দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৪ ...

# পঞ্চম শ্রেণিতে সমাপনী না হলে বৃত্তি প্রশ্নে বিপাকে মন্ত্রণালয়

■ ইত্তেফাক রিপোর্ট

পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা উঠিয়ে দেয়ার পর বৃত্তি কিভাবে দেয়া হবে তা নিয়ে বিপাকে পড়তে হবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে। আলাদা পরীক্ষা নিতে হবে না অন্য কোন প্রক্রিয়ায় দেয়া হবে তা সুশীল সমাজের সাথে আলোচনা করেই সিদ্ধান্ত নেবে মন্ত্রণালয়। ৫ম শ্রেণির পর বৃত্তির ব্যবস্থা চালু রাখা, আবার সমাপনী পরীক্ষা অষ্টম শ্রেণির পর্যন্ত করা। এই দুটি বিষয়ে রাখতে গিয়েই বিপাকে পড়তে হবে মন্ত্রণালয়কে।

পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ২০০৯ সালে প্রথম প্রাথমিক সমাপনী শুরু হয়। তখন থেকে এ সমাপনী পরীক্ষার ফলের ওপর ভিত্তি করে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তি দেয়া হচ্ছে। এর আগে বৃত্তির জন্য পঞ্চম শ্রেণির বার্ষিক পরীক্ষার পর আলাদা পরীক্ষা নেয়া হতো।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার সাংবাদিকদের বলেন, এখনো পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষার অনেক দেরি আছে। আমরা চেষ্টা করছি, বন্ধ করতে তো আর সময় লাগবে না। আমরা যদি অক্টোবরে বলে দিই পরীক্ষা হবে না, তাহলেই তো হলো। এতে যদি বাচ্চাদের মঙ্গল হয়, আমাদের তো অসুবিধা নেই।

মন্ত্রী বলেন, পরীক্ষা না থাকলেও বৃত্তি থাকুক এটা সবাই চায়। কিন্তু পরীক্ষা ছাড়া কিভাবে বৃত্তি দেব সে বিষয়ে আমাদের সুশীল সমাজের কাছে শুনে নিতে হবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. হুমায়ুন খালিদ সাংবাদিকদের বলেছেন, এবারই পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা উঠে গেলে শিক্ষার্থীদের মঙ্গল হবে না। কারণ বৃত্তির একটি বিষয় আছে। পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা উঠে গেলে বৃত্তি দেয়া নিয়ে নতুন সমস্যা সৃষ্টি হবে। এবার পঞ্চম শ্রেণিতে সমাপনী পরীক্ষার জন্য আমাদের প্রস্তুতি তো হয়েই গেছে। সরকার বন্ধ করে দিলে নেব না।